


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, প্লট-এফ ১/এ, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
(কাস্টমস ও ভ্যাট প্রশাসন-৩ শাখা)
www.nbr.gov.bd



নথি নং: ১(৪৬১) শু:ভ:প্র-৩/২০১৪/২৩৮৩

তারিখ: ২৬ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
২৩ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

আদেশ


যেহেতু, জনাব আসমা উল হুসনা (জন্ম তারিখঃ ০৬/০৫/১৯৮৮ খ্রিঃ), সহকারী রাজস্ব কর্মকর্তা (সাময়িক বরখাস্ত), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা (বর্তমানে কাস্টমস হাউস, পানগাঁও, ঢাকায় পদস্থ) এর বিরুদ্ধে গত ৩১/০৮/২০২০ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা' ২০১৮ এর বিধি-৩ (গ) অনুযায়ী "পলায়ন" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক জাতীয় রাজস্ব বোর্ডের ১০ আগস্ট ২০২১ খ্রিঃ তারিখের ২৭৪ নং স্মারক মোতাবেক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণের জন্য কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা বরাবর প্রেরণ করা হয়। অভিযোগনামা ও অভিযোগ বিবরণী অভিযুক্ত কর্মকর্তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় রেজিষ্টার্ড ডাক যোগে প্রেরণ করা হলেও অদ্যাবধি সংশ্লিষ্ট দপ্তরে কোন প্রকার যোগাযোগ করেননি মর্মে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ) ঢাকা এর ০১/১১/২০২১ তারিখের ২(২২)-গোপনীয়/০৪/২০২০/১০১৭ নং স্মারকের মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ডকে অবহিত করা হয়; এবং

০২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা নির্ধারিত সময়ের মধ্যে জবাব দাখিল করেননি এবং ব্যক্তিগত শুনানীর জন্য আহ্ব প্রকাশ করেননি। পরবর্তীতে উক্ত বিভাগীয় মামলার বিষয়ে জনাব কাঞ্চন রানী দত্ত, উপ-কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা'কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনা করে প্রাপ্ত দলিলাদির বিশ্লেষণে জনাব আসমা উল হুসনা ৩১.০৮.২০২০ খ্রিস্টাব্দ তারিখ হতে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগটি প্রমাণিত হয়েছে। উক্ত অভিযোগে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) বিধি অনুযায়ী 'পলায়ন (desertion)' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে দোষী সাব্যস্ত করে তার বিরুদ্ধে গুরুদণ্ড আরোপের সিদ্ধান্ত গৃহীত হয়। পরবর্তীতে গত ০৯ মে ২০২৩ খ্রিঃ তারিখের স্মারক নং ১(৪৬১) শু:ভ:প্র-৩/২০১৪/৭২ এর মাধ্যমে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানা বরাবর যথাযথ পদ্ধতিতে প্রেরণ করার জন্য ১০ মে ২০২৪ খ্রিঃ তারিখের স্মারক নং ১(৪৬১) শু:ভ:প্র-৩/২০১৪/৪৯ এর মাধ্যমে কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা বরাবর পত্র প্রেরণ করা হয়। পরবর্তীতে অভিযুক্ত কর্মকর্তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় রেজিষ্টার্ড ডাক যোগে প্রেরণ করা হলেও তা ফেরত আসে মর্মে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা এর ২১/০৪/২০২৪ তারিখের ১(৪৬১) শু:ভ:প্র-৩/২০১৪/৮৭ নং স্মারকের মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ডকে অবহিত করা হয়; এবং

০৩। যেহেতু, উক্ত দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রাপ্তির ৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব দাখিল করার নির্দেশনা থাকলেও নির্ধারিত সময় অতিক্রান্ত হওয়ার পরও জনাব আসমা উল হুসনা কোনো জবাব দাখিল করেননি বিধায় তদন্ত প্রতিবেদনসহ সার্বিক বিষয় পর্যালোচনা করে তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩)(গ) বিধি অনুযায়ী 'চাকরি হতে অপসারণ' গুরুদণ্ড প্রদানের বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের পরামর্শ চাওয়া হলে কমিশন জনাব আসমা উল হুসনা'কে প্রস্তাবিত গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্তের সাথে ঐক্যমত পোষন করেন।

০৪। সেহেতু, জনাব আসমা উল হুসনা (জন্ম তারিখঃ ০৬/০৫/১৯৮৮ খ্রিঃ), সহকারী রাজস্ব কর্মকর্তা (সাময়িক বরখাস্ত), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা (বর্তমানে কাস্টম হাউস, পানগাঁও, ঢাকায় পদস্থ) এর বিরুদ্ধে রুজুকৃত এ বিভাগীয় মামলায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (গ) অনুযায়ী 'পলায়ন (desertion)' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় এবং বাংলাদেশ সরকারি কর্ম কমিশন প্রস্তাবিত দণ্ডের সাথে সহমত পোষন করায় একই বিধিমালায় ৪(৩)(গ) বিধিমতে গুরুদণ্ড হিসাবে তাকে পলায়নের তারিখ অর্থাৎ ৩১/০৮/২০২০ খ্রিঃ তারিখ থেকে 'চাকরি হতে অপসারণ' করা হলো।

০৫। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


(মোঃ আর্শদুল রহমান খান, এফসিএমএ)
চেয়ারম্যান

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।